গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় সভার (জানুয়ারি-মার্চ, ২০২৩) কার্যবিবরণী:

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সদস্য সচিব সহকারী পরিচালক (প্রশাসন)-কে আলোচ্যসূচি অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। অত:পর সহকারী পরিচালক (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপন করেন।

১.০ আলোচ্য বিষয় : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ পর্যবেক্ষণ।

১.১ আলোচনা: সহকারী পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, অধিদপ্তরের সিটিজেন চার্টার-এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ কমিটির ৩য় সভা ০৭ মার্চ, ২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ ও বাস্তবায়ন অগ্রগতি তিনি নিম্নরূপভাবে উপস্থাপন করেন:

| সিদ্ধান্ত ক্রম: | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৩.১ | অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশের ক্রমিক ২.১(১১)-এ **সুগার এন্ড ফুড ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের অনাপত্তিপত্র**-অন্তর্ভূক্ত করতে হবে। | অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশের ক্রমিক ২.১(১১)-এ **সুগার এন্ড ফুড ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের অনাপত্তিপত্র**-বিষয়টি অন্তর্ভূক্ত করা হয়েছে। |
| ৩.২ | অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশের ক্রমিক ২.১(১২)-এ **ফায়ার লাইসেন্সের হালনাগাদ কপি**-অন্তর্ভূক্ত করতে হবে। | অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশের ক্রমিক ২.১(১২)-এ **ফায়ার লাইসেন্সের হালনাগাদ কপি**-বিষয়টি অন্তর্ভূক্ত করা হয়েছে। |
| ৩.৩ | সেবা প্রদানের সময়সীমার ক্ষেত্রে দিন/মাসের পরিবর্তে কার্যদিবস উল্লেখ করতে হবে, তবে আইন/বিধিতে দিন বা মাসের উল্লেখ থাকলে তা সংযোজন করতে হবে। | সেবা প্রদানের সময়সীমার ক্ষেত্রে আইন/বিধি অনুযায়ী কার্যদিবস উল্লেখ করা আছে। |
| ৩.৪ | প্রয়োজনীয় আবেদন ফর্ম লিংক আকারে সংযুক্ত করতে হবে। | প্রয়োজনীয় আবেদন ফর্ম লিংক আকারে সংযুক্ত করা হয়েছে। |
| ৩.৫ | সেবা প্রদানকারীর বিবরণ [সেবা প্রদানকারীর নাম, যোগাযোগের জন্য ফোন নম্বর (অফিসের ফোন ও মোবাইল নম্বর)] ই-মেইল ও পদবী সংযোজন করতে হবে। | সেবা প্রদানকারীর বিবরণ [সেবা প্রদানকারীর নাম, যোগাযোগের জন্য ফোন নম্বর (অফিসের ফোন ও মোবাইল নম্বর)] ই-মেইল ও পদবী সংযোজন করা হয়েছে। |
| ৩.৬ | ত্রৈমাসিক ভিত্তিতে অধিদপ্তরের স্বাক্ষরিত সেবা প্রদান প্রতিশ্রুতি প্রমাণক হিসাবে সংরক্ষণ করতে হবে। | গত ১৪/০৩/২০২৩ তারিখে স্বাক্ষরিত হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি প্রমাণক হিসাবে নথিতে সংরক্ষণ করা হয়েছে এবং ১৯/০৩/২০২৩ তারিখ তা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। |

২.০। আলোচ্য বিষয় : সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের নিমিত্ত সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনা।

২.১। আলোচনা: সহকারী পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, ০৭ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ ও পরিবীক্ষণের সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছিল:

(ক) ২৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মন্ত্রিপরিষদ বিভাগের পত্র মোতাবেক স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ করা;

(খ) স্বল্প সময়ের মধ্যে হালনাগাদকরণের কাজ সম্পন্নপূর্বক স্ব স্ব অফিসের ওয়েবসাইটে আপলোড করা।

২.২। সহকারী পরিচালক (প্রশাসন) সভাকে আরও অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন অধিশাখা হতে সর্বশেষ ২৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের ক্ষেত্রে নিম্নলিখিত পয়েন্টসমূহ অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে:

১. সেবা প্রদান প্রতিশ্রুতিতে (সিটিজেনস্ চার্টার ) সকল সেবার তথ্য সুনির্দিষ্টক্রমে অন্তর্ভুক্তকরণ;

২. সেবা প্রদানের সময়সীমার ক্ষেত্রে দিন/মাসের পরিবর্তে কার্যদিবস উল্লেখ করা; তবে আইন/ বিধিতে দিন বা মাসের উল্লেখ থাকলে তা সংযোজন করতে হবে;

৩. প্রয়োজনীয় ফর্ম/ আবেদন ফর্ম/ প্রস্তাব লিংক আকারে সংযুক্তকরণ;

৪. সেবা মূল্যের স্পষ্ট বিবরণ উল্লেখ করতে হবে (i) অর্থ জমাদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক হিসাব নম্বর/চালানে অর্থ জমা দিতে হলে চালানের কোড নম্বর উল্লেখকরণ; (ii) অর্থের প্রয়োজন না হলে বা সেবার ক্ষেত্রে সেবা মূল্যের প্রয়োজন না হলে 'বিনামূল্যে' সংযোজন; (iii) 'সেবামূল্য আইন/বিধি/নীতিমালা/পরিপত্র মোতাবেক' উল্লেখ না করা;

৫. সেবা প্রদানকারীর বিবরণ [সেবা প্রদানকারীর নাম, যোগাযোগের জন্য ফোন নম্বর [অফিসের ফোন ও মোবাইল নাম্বার] ই-মেইল, ও পদবি] সংযোজন;

৬. কাঙ্খিত সেবা না পেলে বা সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে সেবা প্রার্থী পর্যায়ক্রমে কোন কোন কর্মকর্তার নিকট এবং কীভাবে যোগাযোগ করবেন তা অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতির শেষে সংযোজন;

৭. সেবা প্রদান প্রতিশ্রুতিতে নিয়মিত কার্যক্রম; যেমন: প্রটোকল, বেতন বিল প্রস্তুত ইত্যাদি-কে সেবা হিসাবে উল্লেখ না করা;

৮. একাধিক সেবা একীভূত করে একই নামে অন্তর্ভুক্ত না করা;

৯. আবেদনপত্রের সঙ্গে যে সকল প্রয়োজনীয় তথ্য/উপাত্ত থাকা প্রয়োজন তা সুস্পষ্টভাবে উল্লেখ করা এবং চাহিত কাগজপত্রের ধরণ (যেমন: সত্যায়িত/ফটোকপি/ মুলকপি/কপির সংখ্যা) সুনির্দিষ্টভাবে উল্লেখ করা;

১০. অন্য দপ্তর/সংস্থা/আওতাধীন দপ্তর /সংস্থার সেবাকে নিজ দপ্তরের সেবা হিসাবে উল্লেখ না করা; এবং

১১. অভিযোগের প্রতিকার ও তথ্য প্রদান সংক্রান্ত বিষয় সেবা হিসাবে সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভুক্ত না করা।

২.৩। সভায় বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন অধিশাখা হতে গত ২৩ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের ক্ষেত্রে প্রদত্ত প্রতিটি নির্দেশনা/মতামত যাচাইপূর্বক প্রয়োজনীয় ফর্ম/আবেদন ফর্ম/ প্রস্তাব লিংক আকারে সংযুক্ত করা আছে কি'না এ বিষয়ে অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৩/২০২৩

(মো: আজিজুল ইসলাম)
অতিরিক্ত মহাপরিচালক
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটি
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

নথি নং-৫৮.০২.০০০০.০০৬.০৬.০৩২.১৩- ৯৪৪

তারিখ : ১৪ চৈত্র, ১৪২৯ / ২৮ মার্চ, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ:আ: অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ)]।
২) পরিচালক(প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩) চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪) প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা
৫) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্রগ্রাম/ রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
৬) উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৭) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৮) সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯) সহকারী পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/জনসংযোগ/অর্থ ও হিসাব), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১০) স্টাফ অফিসার টু ডিজি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২) অফিস কপি।

২৮/০৩/২৩

(দীপজয় খীসা)
সহকারী পরিচালক (প্রশাসন)